অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/9/2026 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তা নিশ্চিতকরণ: গভর্নর হোকল লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্টের প্রতি ক্রমবর্ধমান সমর্থন তুলে ধরলেন

নিউ ইয়র্ক জুড়ে ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, কাউন্টি শেরিফ, পুলিশ প্রধান এবং কাউন্টি এক্সিকিউটিভগণ 287(g) চুক্তির উপর গভর্নরের প্রস্তাবিত নিষেধাজ্ঞার প্রতি সমর্থন জানিয়েছেন

এই আইনটি নিশ্চিত করবে যেন স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো অপরাধ দমনে মনোনিবেশ করে এবং নিউ ইয়র্কবাসীদের বিরুদ্ধে ফেডারেল কর্তৃপক্ষ ICE-এর গণ-অভিযানে স্থানীয় রিসোর্স ব্যবহারের পথ বন্ধ করবে

এটি অপরাধ তদন্তের ক্ষেত্রে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা বা স্টেট পুলিশকে ফেডারেল সংস্থাগুলোর সাথে কাজ করা চালিয়ে যেতে বাধা দেবে না।

গভর্নর Hochul (হোকল) আজ আইন প্রয়োগকারী সংস্থা এবং নির্বাচিত কর্মকর্তাদের সাথে একটি গোলটেবিল বৈঠকের আয়োজন করেন যেখানে তিনি লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্ট (Local Cops, Local Crimes Act)-এর প্রতি ক্রমবর্ধমান সমর্থনের কথা ঘোষণা করেন যা স্থানীয় পুলিশকে ফেডারেল সিভিল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট (Federal Civil Immigration Enforcement)-এর জন্য ICE-এর প্রতিনিধি হিসেবে কাজ করতে নিষিদ্ধ করবে। স্টেটজুড়ে এক ডজনেরও বেশি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, কাউন্টি শেরিফ, পুলিশ প্রধান এবং কাউন্টি এক্সিকিউটিভদের সাথে নিয়ে গভর্নর নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার প্রতি তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন, তিনি নিশ্চিত করতে চান যে স্থানীয় পুলিশ যেন স্থানীয় অপরাধ দমনেই তাদের পূর্ণ মনোযোগ দেয়।

গত দুই সপ্তাহে, স্টেটজুড়ে আরো অনেক আইন প্রয়োগকারী সংস্থা এবং নির্বাচিত কর্মকর্তাগণ এই লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্টের প্রতি সমর্থন প্রকাশ করেছেন। নতুন এই আইন 287(g) চুক্তি বাতিল করবে, এর ফলে স্টেট ও স্থানীয় পুলিশ আর ফেডারেল এজেন্ট হিসেবে কাজ করতে পারবে না এবং অভিবাসন অভিযানে জনগণের ট্যাক্সের টাকা বা সরকারি জনবল ব্যবহার করতে পারবে না। এছাড়াও এটি ফেডারেল এজেন্টদের সিভিল ইমিগ্রেশন বন্দীদের রাখার জন্য স্থানীয় ডিটেনশন সেন্টার ব্যবহার করতেও নিষিদ্ধ করবে। তবে, লোকাল কসপ, লোকাল ক্রাইমস অ্যাক্ট পুলিশকে বিপজ্জনক অপরাধীদের ধরার জন্য ICE বা অন্যান্য ফেডারেল সংস্থার সাথে কাজ করতে বাধা দেবে না।

"আজ আমি আইন প্রয়োগকারী সংস্থা এবং নির্বাচিত কর্মকর্তাদের একটি দ্বিদলীয় দলের কাছ থেকে আমাদের পুলিশি রিসোর্সগুলো যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন—অর্থাৎ আমাদের কমিউনিটিগুলোতে—সেখানে মনোনিবেশ করার গুরুত্ব সম্পর্কে শুনেছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সে কারণেই আমি একটি সময়োপযোগী আইনের প্রস্তাব করেছি যাতে একটি স্পষ্ট বার্তা দেওয়া যায়: জননিরাপত্তার নামে ICE কর্তৃক ক্ষমতার অপব্যবহার নিউ ইয়র্ক সহ্য করবে না।"

গত মাসে, গভর্নর Hochul (হোকল) লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্ট (Local Cops, Local Crimes Act) প্রবর্তন করেছেন যা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা প্রদান, সাংবিধানিক রক্ষাকবচ শক্তিশালী করা এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে ফেডারেল সিভিল ইমিগ্রেশন এনফোর্সমেন্টের জন্য ICE কর্তৃক নিযুক্ত করা নিষিদ্ধ করার লক্ষ্যে প্রণীত একটি কার্যকর আইন। গভর্নরের সাথে এই কর্মসূচিতে NYPD কমিশনার Jessica Tisch (জেসিকা টিশ), অ্যালবানি পুলিশ প্রধান Brendan Cox (ব্রেন্ডন কক্স) এবং এক ডজনেরও বেশি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি, কাউন্টি শেরিফ ও পুলিশ প্রধানগণ উপস্থিত ছিলেন। আজ, সমর্থকদের তালিকা 28 জনে উন্নীত হয়েছে:

- অ্যালবানি কাউন্টির এক্সিকিউটিভ Dan McCoy (ড্যান ম্যাককয়)
- অ্যালবানি কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Lee Kindlon (লি কিন্ডলন)
- অ্যালবানি কাউন্টির শেরিফ Craig Apple (ক্রেইগ অ্যাপল)
- অ্যালবানির পুলিশ প্রধান Brendan Cox (ব্রেন্ডন কক্স)
- ব্রুকলিন ডিস্ট্রিক্টের অ্যাটর্নি Eric Gonzalez (এরিক গঞ্জালেজ)
- ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ Jason Garnar (জেসন গার্নার)
- কলম্বিয়া কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Chris Liberati-Conant (ক্রিস লিবারতি-কোনান্ট)
- ইরি কাউন্টির এক্সিকিউটিভ Mark Poloncarz (মার্ক পোলোনকার্জ)
- কিংস্টনের ডেপুটি পুলিশ প্রধান Ricky Negron (রিকি নেগ্রন)
- ম্যানহাটনের ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Alvin Bragg (অ্যালভিন ব্র্যাগ)
- মনরো কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Brian Green (ব্রায়ান গ্রিন)
- মাউন্ট ভার্ননের পুলিশ প্রধান Marcel Olifiers (মার্সেল অলিফিয়ার্স)
- নিউ ইয়র্ক সিটির পুলিশ কমিশনার Jessica Tisch (জেসিকা টিশ)
- ওনোন্ডাগা কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি William “Bill” Fitzpatrick (উইলিয়াম “বিল” ফিটজপ্যাট্রিক)
- ওনোন্ডাগা কাউন্টির শেরিফ Tobias Shelley (টোবিয়াস শেলি)
- কুইন্স কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Melinda Katz (মেলিন্ডা কাটজ)
- রিচমন্ড কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Michael McMahon (মাইকেল ম্যাকমোহন)
- রচেস্টারের পুলিশ প্রধান David Smith (ডেভিড স্মিথ)
- রচেস্টারের মেয়র Malik D. Evans (মালিক ডি. ইভান্স)
- সাফোক কাউন্টির শেরিফ Errol Toulon, Jr. (এরল টুলন, জুনিয়র)
- সিরাকিউজের পুলিশ প্রধান Mark Rusin (মার্ক রুসিন)
- টম্পকিন্স কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Matt Van Houten (ম্যাট ভ্যান হাউটেন)

- আলস্টার কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Manny Nneji (ম্যানি নেজি)
- আলস্টার কাউন্টির শেরিফ Juan Figueroa (জুয়ান ফিগুয়েরোয়া)
- ইউটিকার পুলিশ প্রধান Mark Williams (মার্ক উইলিয়ামস)
- ইউটিকার ডেপুটি পুলিশ প্রধান Ed Noonan (এড নুনান)
- ওয়াশিংটন কাউন্টিন ডিস্ট্রিক্ট অ্যাটর্নি J. Anthony “Tony” Jordan (জে. অ্যান্থনি “টনি” জর্ডান)
- ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ Ken Jenkins (কেন জেনকিন্স)

নিউ ইয়র্কে, 10টি কাউন্টি শেরিফ অফিস, 1টি কাউন্টি পুলিশ বিভাগ এবং 3টি মিউনিসিপ্যাল পুলিশ বিভাগসহ মোট 14টি আইন প্রয়োগকারী সংস্থা বর্তমানে বিভিন্ন 287(g) চুক্তি মান্যকারী মডেলের অধীনে কাজ করছে। যদি এটি আইন হিসেবে পাস হয়, তবে এই আইনটি স্টেটজুড়ে বিদ্যমান সকল 287(g) চুক্তি বাতিল করবে।

গভর্নরের এই প্রস্তাবটি তার স্টেট অব দ্য স্টেট (State of the State) কর্মসূচির অংশ হিসেবে সম্প্রতি প্রবর্তিত আইনের উপর ভিত্তি করে তৈরি যার লক্ষ্য হলো ফেডারেল সরকারের বাড়াবাড়ি থেকে নিউ ইয়র্কবাসীদের সাংবিধানিক অধিকার রক্ষা করা এবং অসাংবিধানিক কর্মকাণ্ডের জন্য ফেডারেল এজেন্টদের জবাবদিহিতার আওতায় আনা। এছাড়া, বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া দেওয়ানি অভিবাসন প্রয়োগ থেকে নিউ ইয়র্কবাসীদের বাড়িসহ সংবেদনশীল স্থানগুলোর সুরক্ষা নিশ্চিত করাও এর অন্যতম উদ্দেশ্য।

সাংবিধানিক লঙঘনের জন্য ফেডারেল অফিসারের বিরুদ্ধে মামলা করার একটি অধিকার প্রতিষ্ঠা করা

আগ্রাসী ফেডারেল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট নজিরবিহীন ভাবে বেড়ে যাওয়ার ফলে পুরো ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) কমিউনিটিগুলি আক্রমণমূলক কৌশলের ভয়ে আছে যা সাংবিধানিক অধিকার নষ্ট করছে বলে অভিযোগ আসছে।

পুরো স্টেটের কমিউনিটিগুলোকে রক্ষা করতে এবং সাংবিধানিক অধিকার লঙঘন করা হলে জবাবদিহিতা নিশ্চিত করতে, গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশন অগ্রসর করবেন যা নিউ ইয়র্কবাসীকে তাদের অধিকার লঙঘন হলে ন্যায়বিচার চাওয়ার একটি স্পষ্ট পথ দিবে।

এই প্রস্তাবের মাধ্যমে সাধারণ মানুষ সেইসব ফেডারেল কর্মকর্তাদের বিরুদ্ধে স্টেটের আদালতে দেওয়ানি মামলা করতে পারবেন যারা তাদের মার্কিন সাংবিধানিক অধিকার ক্ষুণ্ন করেছেন, এটি ফেডারেল সিভিল রাইটস আইনের আওতায় থাকা স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের জন্য ইতিমধ্যে বিদ্যমান আইনি মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ। স্টেটের আইনকে বিদ্যমান ফেডারেল সিভিল রাইট ফ্রেমওয়ার্কের সাথে মানানসই করার মাধ্যমে এই প্রস্তাবনাটি সাংবিধানিক সুরক্ষা জোরদার করে এবং ফেডারেল অথোরিটি জন্য নিউ ইয়র্কে সংবিধানের বাইরে গিয়ে অত্যাচার করে তখন নিউ ইয়র্কবাসীকে একটি অর্থপূর্ণ আইনি রিসোর্স দেয়।

সেনসিটিভ অবস্থানে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা দেওয়া
গত কয়েক দশক ধরে ফেডারেল নিয়ম অনুযায়ী স্কুল, হাসপাতাল বা ধর্মীয় উপাসনালয়ের মতো সংবেদনশীল জায়গাগুলোতে আদালতের পরোয়ানা ছাড়া অভিবাসন কর্মকর্তাদের অভিযান চালানো নিষিদ্ধ ছিল। সম্প্রতি ফেডারেল স্তরে কিছু পরিবর্তনের ফলে এই সুরক্ষাগুলো উঠে যাচ্ছে যা জননিরাপত্তা এবং স্কুল ও হাসপাতালের মতো জরুরি পরিষেবার উপর সাধারণ মানুষের বিশ্বাস নষ্ট করছে।

নিউ ইয়র্কের বাসিন্দাদের নির্ভয়ে স্কুলে যাওয়া, শিশুদের দেখাশোনা করা, চিকিৎসা নেওয়া, প্রার্থনা করা এবং নিজের বাড়িতে শান্তিতে বসবাস করার পূর্ণ অধিকার রয়েছে। গভর্নর Hochul (হোকল) এমন একটি আইনের প্রস্তাব দিয়েছেন যা বাড়িঘরসহ বিভিন্ন সংবেদনশীল স্থানে আদালতের পরোয়ানা ছাড়া অভিবাসনমূলক অভিযান চালানো থেকে সুরক্ষা নিশ্চিত করবে। এই ব্যবস্থাটি অতি প্রয়োজনীয় কমিউনিটি স্থানে শিশু ও পরিবারের স্থিতিশীলতা নিশ্চিত করবে।

অ্যালবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় (Daniel P. McCoy) বলেন, "জননিরাপত্তা তখনই সবচেয়ে শক্তিশালী হয় যখন আমাদের স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে ফেডারেল সিভিল ইমিগ্রেশন পলিসি বাস্তবায়নে নিয়োজিত না করে, বরং তাদের নিজ নিজ এলাকার মানুষের সুরক্ষায় মনোনিবেশ করার সুযোগ দেওয়া হয়। লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্ট একটি দায়িত্বশীল পদক্ষেপ যা পুলিশ ও জনগণের মধ্যে আস্থা বজায় রাখে এবং আমাদের রিসোর্সগুলোর মধ্যে সঠিক ও দক্ষ ব্যবহার নিশ্চিত করে। নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার পাশাপাশি ন্যায্যতা, জবাবদিহিতা এবং সাংবিধানিক অধিকার রক্ষার বিষয়ে গভর্নর Hochul (হোকল)-এর অঙ্গীকারকে আমি দৃঢ়ভাবে সমর্থন জানাই।"

এরি কাউন্টির এক্সিকিউটিভ Mark C. Poloncarz (মার্ক সি. পোলোনকার্জ) বলেন, "লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্টের লক্ষ্য হলো একটি সমসাময়িক উপায়ে এটি নিশ্চিত করা যে, আমাদের স্থানীয় আইন প্রয়োগকারী কর্মী এবং রিসোর্সগুলো যেন আমাদের নিজস্ব কমিউনিটির ব্যবহারের জন্য সংরক্ষিত থাকে; তাদের কাজ হবে আইন অনুযায়ী পুলিশিং করা, ICE-এর মতো ফেডারেল সরকারের অন্যায্য হস্তক্ষেপের শিকার হওয়া নয় যা আমরা বর্তমানে সারা দেশে দেখছি। 287(g) চুক্তিগুলো বাতিল করা বাসিন্দাদের এই বার্তাই দেয় যে, স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলো ফেডারেল সরকারের হাতিয়ার হিসেবে কাজ করবে না এবং স্থানীয় ডিটেনশন সেন্টারগুলো ICE-এর অভিবাসনমূলক অভিযানের জন্য ব্যবহারের সুযোগ থাকবে না। এছাড়াও আইনটি সেইসব বাসিন্দাদের সুরক্ষা এবং প্রতিকারের ব্যবস্থা করে যাদের সাংবিধানিক অধিকার ফেডারেল কর্মকর্তাদের কারণে লঙ্ঘিত হয়েছে। এই আইনটি সময়োপযোগী এবং অত্যন্ত প্রয়োজনীয়, তাই আমি গভর্নর Hochul (হোকল)-কে এটি প্রচার করার ক্ষেত্রে তার দূরদর্শী চিন্তাভাবনার জন্য ধন্যবাদ জানাই।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ Adam Bello (অ্যাডাম বেল্লো) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্ট একটি বাস্তবসম্মত আইন যা নিউ ইয়র্কবাসীদের ফেডারেল ক্ষমতার অপব্যবহার এবং আক্রমণাত্মকমূলক প্রয়োগ কৌশল থেকে রক্ষা করতে সাংবিধানিক সুরক্ষা কবচকে আরো শক্তিশালী করবে। আমাদের স্থানীয় পুলিশ এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোর মনোযোগ স্থানীয় অপরাধ দমনের দিকে থাকা উচিত,

ফেডারেল দেওয়ানি অভিবাসন আইন প্রয়োগের দিকে নয়। নিউ ইয়র্কবাসীদের অধিকার রক্ষায় স্টেটজুড়ে আমার সরকারি অংশীদারদের সাথে যোগ দিতে পেরে আমি গর্বিত।"

ওয়েস্টচেস্টার কাউন্টির এক্সিকিউটিভ Kenneth W. Jenkins (কেনেথ ডব্লিউ. জেনকিন্স) বলেন, "জননিরাপত্তার মূল ভিত্তি হলো বিশ্বাস — এবং ওয়েস্টচেস্টার কাউন্টি কয়েক বছর আগে 'ইমিগ্র্যান্ট প্রোটেকশন অ্যাক্ট (Immigrant Protection Act) পাসের মাধ্যমে এই শিক্ষাটি গ্রহণ করেছে। বাসিন্দারা যখন অভিবাসন সংক্রান্ত ঝামেলার ভয়ে পুলিশকে ডাকতে বা আইন প্রয়োগকারী সংস্থার সাথে সহযোগিতা করতে ভীত থাকেন, তখন প্রতিটি মানুষই অনিরাপদ হয়ে পড়েন। আমাদের স্থানীয় পুলিশ কর্মকর্তাদের মনোযোগ দেওয়া উচিত অপরাধ প্রতিরোধ, ভুক্তভোগীদের সহায়তা এবং আমাদের কমিউনিটির প্রতিটি ব্যক্তির অধিকার রক্ষার দিকে — ফেডারেল সিভিল ইমিগ্রেশন এনফোর্সমেন্টের শাখা হিসেবে কাজ করার দিকে নয়। গভর্নর Hochul (হোকল)-এর এই আইনটি একটি সঠিক সীমারেখা টেনে দেয় এবং যা সবচেয়ে গুরুত্বপূর্ণ তাকেই সুদৃঢ় করে – তা হলো আমাদের সাংবিধানিক মূল্যবোধ রক্ষা করার পাশাপাশি আমাদের এলাকাগুলোকে নিরাপদ রাখা।"

ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ Jason Garnar (জেসন গার্নার) বলেন, "লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্ট শুধুমাত্র একটি কাণ্ডজ্ঞানসম্পন্ন পদক্ষেপ — এটি আমাদের নিজস্ব কর্মকর্তাদের পাড়ার নিরাপত্তার দিকে নজর রাখতে সাহায্য করে এবং যারা আইন ভঙ্গ করে তাদের জবাবদিহিতার আওতায় আনে, তারা এখানে আইনত থাকুক বা না থাকুক, পাশাপাশি, মিনেসোটাতে আমরা যা দেখেছি তারপর থেকে মানুষ যে ধরনের ফেডারেল অতি-তৎপরতা নিয়ে কথা বলছে, এটি তাতেও লাগাম টানবে।"

সিটি অব রচেস্টারের মেয়র Malik Evans (মালিক ইভান্স) বলেন, "একটি অভয়ারণ্য সিটি হিসেবে রচেস্টার প্রায় চার দশক ধরে ফেডারেল সিভিল ইমিগ্রেশন আইন কার্যকর করার ক্ষেত্রে সিটির রিসোর্স ব্যবহার নিষিদ্ধ রেখেছে। এই নিশ্চয়তাগুলো আমাদের আস্থা তৈরি করতে এবং জননিরাপত্তা উন্নত করতে সাহায্য করে; যার ফলে আমাদের অভিবাসী কমিউনিটির সদস্যগণ কোনো ভয় ছাড়াই অপরাধের অভিযোগ জানাতে এবং জরুরি পরিষেবাগুলো গ্রহণ করতে পারেন। আমি গভ. Kathy Hochul (ক্যাথি হোকল)-কে এই সুরক্ষাগুলো স্টেট ব্যাপী সম্প্রসারিত করার পদক্ষেপ নেওয়ার জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীর পাশে দৃঢ়ভাবে দাঁড়ানোর জন্য সাধুবাদ জানাই।"

কলম্বিয়া কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Chris Liberati-Conant (ক্রিস লিবারতি-কোনান্ট, "প্রথমত, আমি গভর্নর Hochul (হোকল)-কে আইন প্রয়োগকারী সংস্থায় তার বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাই যা কলম্বিয়া কাউন্টির মানুষের নিরাপত্তার উপর প্রকৃত প্রভাব ফেলেছে। কলম্বিয়া কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে আমার একমাত্র লক্ষ্য হলো আমাদের কাউন্টির মানুষের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা আর যখন ভুক্তভোগী এবং সাক্ষীগণ আইন প্রয়োগকারী সংস্থার সাথে কথা বলতে ভয় পান, তখন একটি সমাজ হিসেবে আমরা কম নিরাপদ হয়ে পড়ি। যখন ভুক্তভোগী এবং সাক্ষীগণ আইন প্রয়োগকারী সংস্থার সাথে কথা বলতে ভয় পান, তখন তারা শিকারি, পাচারকারী এবং সহিংস অপরাধীদের লক্ষ্যবস্তুতে পরিণত হন। বরাবরের মতোই, আমি অপরাধীদের জবাবদিহিতার আওতায় আনতে এবং আমাদের সমাজের প্রতিটি

সদস্যকে রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে নিরন্তর নেতৃত্বের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই, কারণ নিউ ইয়র্ক এবং কলম্বিয়া কাউন্টিতে আমরা একটি ন্যায়পরায়ণ সমাজে বাস করি।"

মনরো কাউন্টির ডিস্ট্রিক্ট অ্যাটর্নি Brian Green (ব্রায়ান গ্রিন, "ডিস্ট্রিক্ট অ্যাটর্নি হিসেবে আমার অগ্রাধিকার হলো এটি নিশ্চিত করা যে, আইন প্রয়োগকারী সংস্থার রিসোর্সগুলো আমাদের কমিউনিটির নিরাপত্তা রক্ষা এবং গুরুতর অপরাধ দমনের দিকে নিবদ্ধ থাকে। লোকাল কপস, লোকাল ক্রাইমস অ্যাক্ট অপরাধমূলক বিষয়ে ফেডারেল অংশীদারদের সাথে আমাদের কাজ করার সক্ষমতা বজায় রেখে স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার সঠিক ভূমিকা সম্পর্কে স্বচ্ছতা প্রদান করতে সহায়তা করে। কার্যকরী পুলিশিং এবং প্রসিকিউশনের জন্য জনগণের আস্থা ধরে রাখাটা অপরিহার্য এবং এই আইনটি সেই লক্ষ্যকে সমর্থন করে। জননিরাপত্তা, সাংবিধানিক নীতি এবং আমাদের কমিউনিটির চাহিদার মধ্যে ভারসাম্য বজায় রাখে এমন নীতিমালা এগিয়ে নিতে গভর্নরের প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই।"

কিংস্টন পুলিশ ডিপার্টমেন্টের ডেপুটি চিফ Richard Negron (রিচার্ড নেগ্রন) বলেন, "কার্যকর পুলিশিং শুরু হয় স্বচ্ছতার মাধ্যমে — আমরা কাদের সেবা দিচ্ছি, আমাদের ভূমিকা কী এবং আমাদের ক্ষমতার শুরু ও শেষ কোথায় তা জানার মাধ্যমে। যখন স্থানীয় কর্মকর্তাদের ফেডারেল সিভিল ইমিগ্রেশন এনফোর্সমেন্টের দায়িত্ব নিতে বলা হয়, তখন সেই লক্ষ্যটি অস্পষ্ট হয়ে যায় এবং প্রতিবেশীদের নিরাপদ রাখার জন্য আমরা যে বিশ্বাসের উপর নির্ভর করি, তা ক্ষুণ্ণ হয়। গভর্নর Hochul (হোকল)-এর প্রস্তাব স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাকে আমরা যা সবচেয়ে ভালো পারি তার উপর মনোনিবেশ করতে সাহায্য করে: অপরাধের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া, ভুক্তভোগীদের সুরক্ষা দেওয়া এবং কমিউনিটির সাথে প্রকৃত অংশীদারিত্ব গড়ে তোলা। সেই মনোযোগ আমাদের কর্মকর্তাদের আরো কার্যকর এবং আমাদের সিটিকে আরো নিরাপদ করে তোলে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন